

আটক সকল ছাত্র ও অন্যদের মুক্তি নির্দেশ

২৬শে মার্চ স্বাধীনতা দিবস
উদযাপন উপলক্ষে এবং শূভে-
চ্ছার নিদর্শন স্বরূপ 'প্রধান
সামরিক আইন প্রশাসক জে.
জেনারেল এইচ এম এরশাদ ১৪ই
ও ১৫ই ফেব্রুয়ারীর ঘটনার
ব্যাপারে আটক সকল ছাত্র ও
অন্যান্য ব্যক্তিকে মুক্তি দেয়ার
নির্দেশ দিয়েছেন।

সিএমএলএ বিশ্ববিদ্যালয়ের
বিভিন্ন পরীক্ষা স্বাগিত থাকায়

গভীর উদ্বেগ প্রকাশ করেন—
আগে এসব পরীক্ষা এই সময়ে
অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।
তিনি চান যে এসব পরীক্ষা
যথা শীঘ্র অনুষ্ঠিত হোক এবং
আশা করেন যে সরকারের এই
শূভেচ্ছার মনোভাব বিশ্ববিদ্যা-
লয়সমূহ পুনরায় খোলার ব্যাপারে
সুষ্ঠু পরিবেশ সৃষ্টিতে সহায়ক
হবে। খবর বাসসর।